



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/26/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের জন্য অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদান সমর্থন করার জন্য প্রায় 25 মিলিয়ন ডলারের মূলধন পুরস্কারের ঘোষণা করেন

বাড়তি অলাভজনক অবকাঠামোর মূলধন বিনিয়োগের কর্মসূচির (Nonprofit Infrastructure Capital Investment Program) অনুদান লটারির ভিত্তিতে ঘোষণা করা হবে

অলাভজনক সংগঠনগুলিকে সুরক্ষাদান ও এর সমর্থনে গভর্নরের পূর্বের বিনিয়োগগুলির অনুবর্তী, যার মধ্যে আছে অলাভজনক কলেজ ও ইউনিভার্সিটি এবং যুদ্ধ-প্রবীণ ও বিকাশগত অক্ষমতা সহ নিউ ইয়র্কবাসীদের সমর্থনে তহবিল

গভর্নর ক্যাথি হোকল আজকে অলাভজনক অবকাঠামোর মূলধন বিনিয়োগ কর্মসূচির (Nonprofit Infrastructure Capital Investment Program, NICIP) মাধ্যমে 70টি অলাভজনক মানব সেবার সংস্থায় মূলধন তহবিলে প্রায় 25 মিলিয়ন ডলারের প্রাথমিক রাউন্ডের ঘোষণা করলেন। নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষ (Dormitory Authority of the State of New York) দ্বারা পরিচালিত NICIP রাজ্য জুড়ে অলাভজনক সংস্থাগুলিকে এমন প্রকল্প গ্রহণ করতে ক্ষমতায়ন করার জন্য 500,000 ডলার পর্যন্ত মূলধন অনুদান সরবরাহ করে যা নিউ ইয়র্কবাসীদের কাছে গুরুত্বপূর্ণ পরিষেবা পৌঁছে দেওয়াকে উন্নত করে। বাড়তি NICIP পুরস্কারগুলো আগামী মাসগুলিতে একটি লটারির ভিত্তিতে ঘোষণা করা হবে।

“চাহিদাসম্পন্ন ব্যক্তিদের গুরুত্বপূর্ণ সেবা সরবরাহ করায় এবং নিউ ইয়র্ক জুড়ে পরিবরদের জন্য একটি নির্ভরযোগ্য ও সামঞ্জস্যপূর্ণ সুরক্ষার জালিকা প্রদান করাতে অলাভজনক সংস্থাগুলি অত্যাাবশ্যক অংশীদার,” **গভর্নর হোকল বলেছেন।** “এই সংস্থাগুলিতে যে তাদের মিশনে বিনিয়োগ করতে এবং নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদান করার জন্য প্রায়শই পর্যাপ্ত পরিমাণের মূলধন তহবিলের অভাব থাকে তার জন্য এই সুযোগের প্রতি তীব্র প্রতিক্রিয়াটি অনুস্মারক হিসেবে কাজ করে। আমাদের রাজ্য জুড়ে অভাবী মানুষদের সহায়তা প্রদানকারী সংস্থাগুলিকে আমরা সমর্থন করতে থাকবো।”

এমন মূলধন নির্মাণের প্রকল্পগুলিতে রাজ্য জুড়ে লক্ষ্যবস্তু করা বিনিয়োগগুলি করার জন্য গভর্নর হোকল 2023 সালের অক্টোবর মাসে 60 মিলিয়ন ডলারের NICIP সুযোগটি আরম্ভ করেছেন যা নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদানকারী অলাভজনক মানব সেবার সংস্থাগুলির

গুণমান, দক্ষতা ও অ্যাক্সেসযোগ্যতাকে উন্নত করে। প্রযুক্তি, সংস্কার এবং সরাসরি কর্মসূচির পরিষেবাগুলির জন্য ব্যবহৃত স্থানের সম্প্রসারণ, সেই সাথে শক্তির দক্ষতা বা অ্যাক্সেসযোগ্যতাকে উন্নীত করে এমন সংস্কারগুলি সহ যোগ্য মূলধনের খরচের পরিশোধের জন্য যোগ্যতা অর্জনকারী অলাভজনক সংস্থাগুলি 50,000 ডলার ও 500,000 ডলারের মধ্যে NICIP তহবিল পাওয়ার জন্য যোগ্য।

DASNY 500টিরও বেশি NICIP আবেদন গ্রহণ করেছে যেগুলির লটারির ভিত্তিতে, প্রথম এসে, প্রথম প্রাপ্তির ভিত্তিতে প্রক্রিয়াকরণ চলছে। সব আবেদনের 2024 সালের মে মাসের শেষের মধ্যে পর্যালোচনা করা হবে ও সেগুলিকে স্কোর দেওয়া হবে ও সেই সাথে অতিরিক্ত অ্যাওয়ার্ডের ঘোষণাগুলি অনুসরণ করা হবে।

রাজ্য জুড়ে নিউ ইয়র্কবাসীদের জন্য অতি গুরুত্বপূর্ণ সংস্থান ও সেবা প্রদান করা অলাভজনক খাতকে সুরক্ষা দান ও এর সমর্থন করার জন্য NICIP গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী। গত বছর, গভর্নর মুখ্য নির্মাণের প্রকল্প, নতুন সরঞ্জাম ও ইউনিভার্সিটির অবকাঠামোতে অন্যান্য বিনিয়োগগুলি সমর্থন করতে 30টির বেশি নিউ ইয়র্কের কলেজ ও ইউনিভার্সিটির জন্য 63 মিলিয়ন ডলারেরও বেশি মূলধন তহবিলের ঘোষণা করেন। এছাড়াও গভর্নর সম্প্রতি অলাভজনক ফ্যাসিলিটির নিরাপত্তা ও সার্বিক প্রস্তুতি বলীয়ান করতে প্রায় 38 মিলিয়ন ডলার, বিকাশগত অক্ষমতা সহ নিউ ইয়র্কবাসীদের ক্যারিয়ারের প্রশিক্ষণ প্রদানকারী সংস্থার জন্য 13 মিলিয়ন ডলার, এবং যুদ্ধ-প্রবীণদের সেবাদানকারী সংস্থাগুলির জন্য 2.7 মিলিয়ন ডলারের ঘোষণা করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)